

(প্রেস বিজ্ঞপ্তি)

২৬ অক্টোবর' ২০২৩ খ্রি.

বিএইচএমএস ডিগ্রী কোর্স চালুর বিষয়ে চসিকে আলোচনা

ডা: জাকির হোসেন সিটি কর্পোরেশন হোমিওপ্যাথিক কলেজের বিএইচএমএস ডিগ্রী কোর্স চালুর বিষয়ে কলেজটির পরিচালনা পর্ষদের সভায় আলোচনা হয়েছে। বৃহস্পতিবার টাইগারপাসস্থ চসিক কার্যালয়ে সভায় বিএইচএমএস ডিগ্রী কোর্স চালুর বিষয়ে পরিদর্শক টিমের শর্তাবলী সমূহ পর্যালোচনা করা হয়।

সভায় চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী কলেজের একাডেমিক ও হাসপাতাল ভবন সম্প্রসারণ, শিক্ষার্থী হোস্টেল নির্মাণ, লাইব্রেরি, ল্যাবরেটরি ও লোকবল বৃদ্ধির বিষয়ে পর্যালোচনা করেন।

সভায় প্রধান নির্বাহী কর্মকর্তা শেখ মুহম্মদ তৌহিদুল ইসলাম, কাউন্সিলর হাসান মুরাদ বিপ্লব, শাহেদ ইকবাল বাবু, আবদুল বারেক, আবদুস সালাম মাসুম, প্রধান হিসাব কর্মকর্তা হুমায়ুন কবির চৌধুরী, ভারপ্রাপ্ত প্রধান স্বাস্থ্য কর্মকর্তা মো. ইমাম হোসেন রানা, কলেজের অধ্যক্ষ ডা: মো. নূরুল আমিন সহ পর্ষদের অন্যান্য সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮